

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯০

১/ বিবিধ

আরবী

من رابط فواق ناقة حرمه الله على النار
ضعيف جدا

رواه العقيلي في "الضعفاء" (165) عن محمد بن عبد الرحمن بن أبي بكر الجدعاني قال: حدثنا سليمان بن مرقع الجندعي عن مجاهد عن عائشة مرفوعا، وقال: "منكر، لا يتابع عليه ولا يعرف إلا به". يعني ابن مرقع هذا، وقال فيه: "منكر الحديث، ولا يتابع على حديثه". والجدعاني متروك الحديث وله طريق آخر رواه العقيلي أيضا (ص 6) والخطيب (7 / 203) وأبو حزم بن يعقوب الحنبلي في "الفروسية" (1 / 8 / 1) عن محمد بن حميد الرازي قال: حدثنا أنس بن عبد الحميد قال: حدثنا هشام بن عروة عن أبيه عن عائشة

مرفوعا. وقال العقيلي: "هذا حديث منكر، وقد رأيت له غير حديث من هذا النحو، فإن كان ابن حميد ضبط عنه، فليس هو ممن يحتج به". قلت: وفي كلامه إشارة إلى أن ابن حميد غير ضابط، وهو كما قال، ففي "التقريب": "حافظ ضعيف". وأقول: بل هو متهم أوردته الذهبي في "الضعفاء والمتروكين"، وقال: "قال أبو زرعة: كذاب. وقال صالح: ما رأيت أحذق بالكذب منه ومن الشاذكوني". وقد تقدم الحديث برقم (626) بأخصر مما هنا، فتركته لما فيه من زيادة فائدة

বাংলা

১৮৯০ । যে ব্যক্তি একবার উট দোহনের সমপরিমাণ সময়, অথবা দু'বার দুধ দোহনের মাঝের সময়ের সমপরিমাণ (আল্লাহর পথে) জড়িত থাকবে আল্লাহ তা'আলা তাকে জাহান্নামের আগুনের উপর হারাম করে দিবেন ।

হাদীসটি খুবই দুর্বল ।

এটিকে ওকাইলী "আযযুয়াফা" গ্রন্থে (১৬৫) মুহাম্মাদ ইবনু আব্দুর রহমান ইবনু আবু বকর জুদ'আনী হতে, তিনি সুলাইমান ইবনু মিরকা জুন্দা'ঈ হতে, তিনি মুজাহিদ হতে, তিনি আয়েশ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন । তিনি (ওকাইলী) বলেনঃ হাদীসটি মুনকার । এর মুতাবা'য়াত করা হয়নি এবং হাদীসটিকে একমাত্র তার (ইবনু মিরকার) মাধ্যমেই চেনা যায় । তার সম্পর্কে তিনি বলেনঃ তিনি মুনকারুল হাদীস । তার হাদীসের মুতাবা'য়াত করা হয়নি । আর জুদ'আনী মাতরুকুল হাদীস ।

হাদীসটির আরেকটি সূত্র রয়েছে । এটিকে সে সূত্রেও ওকাইলী, খাতীব (৭/২০৩), আবু হাযম ইবনু ইয়াকুব হাম্বালী "আলফারুসিয়াহ" গ্রন্থে (১/৮/১) মুহাম্মাদ ইবনু হুমায়েদ রাযী হতে, তিনি আনাস ইবনুল আব্দুল হামীদ হতে, তিনি হিশাম ইবনু উরওয়াহ হতে, তিনি তার পিতা হতে, তিনি আয়েশা (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন ।

ওকাইলী বলেনঃ এ হাদীসটি মুনকার । এটি ছাড়াও তার এরূপ আরো হাদীস দেখেছি । ইবনু হুমায়েদ যদি তার থেকে বর্ণনা করার ক্ষেত্রে যত্ন করতেন, কারণ তিনি সেই ব্যক্তি নন যার দ্বারা দলীল গ্রহণ করা যায় ।

আমি (আলবানী) বলছিঃ তিনি তার কথার দ্বারা ইঙ্গিত করেছেন যে, তিনি যকুবতকারী নন । তিনি সেরূপই যেরূপ ওকাইলী বলেছেন । "আত-তাকরীব" গ্রন্থে এসেছেঃ তিনি দুর্বল হাফেয ।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী, তাকে হাফিয যাহাবী "আয যুয়াফা অল মাতরুকীন" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ আবু যুর'আহ বলেনঃ তিনি বড়ই মিথ্যুক । সালেহ বলেনঃ তার এবং শায়কুনীর চেয়ে স্পষ্টবাদী মিথ্যুক আর দেখিনি ।

এরূপ একটি হাদীস (নং ৬২৬) আলোচিত হয়েছে ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72773>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন